

নং-সদেক/২০২৬/প্রশাঃ/এন-২/৯৩


তারিখ : ১৭-০৫-২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৫-২০২৬ অর্থ বছরে বাজেট বরাদ্দের আওতায় মানিকগঞ্জ জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২৫ সালে এস,এস,সি ও এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে অত্র কলেজ সহ বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন ছাত্র বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ০১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ বরাবর আবেদন করতে হবে;
- ০৩। আবেদনকারীকে এস,এস,সি ও এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০, বাণিজ্য বিভাগে ৪.৭৫ এবং মানবিক বিভাগে ৪.৫০ অর্জন করতে হবে; স্নাতক ১ম বর্ষ পর্যায়ে অধ্যয়নরতদের এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০, বাণিজ্য বিভাগে ৪.৭৫ এবং মানবিক বিভাগে ৪.৫০ থাকতে হবে।
- ০৪। মুক্তিযোদ্ধার পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ৪.০০ এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ২.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্য প্রমানের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র, প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি কার্ড প্রদত্ত প্রতিবন্ধী প্রমানের সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ০৫। আবেদনপত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজ পত্রাদি দাখিল করতে হবে;
ক) এস,এস,সি ও এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি যাহা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল)/অধ্যয়নরত প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে;
খ) মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা প্রমানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদের মূল কপি দাখিল করতে হবে;
- ০৬। ২০২৫ সালের উত্তীর্ণ ছাত্র ও ছাত্রী যারা এখনো কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারিনি তারা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদন করতে পারবেন;
- ০৭। আবেদনকারীর স্বহস্তে লিখিত নির্ধারিত আবেদন ফরম, অধ্যয়নরত প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আগামী ১৫/০৬/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে;
- ০৮। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদানের বিষয়ে অত্র পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে;
- ০৯। আবেদন ফরম জেলা পরিষদের ওয়েবসাইট zp.manikganj.gov.bd ও জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে;
- ১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(প্রফেসর ড. মুহম্মদ মাহফিজ খান)

আইডি নং ৯৩০৪

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

প্রফেসর ড. মুহম্মদ মাহফিজ খান

আইডি নং : ৯৩০৪

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।


১৭.০৫.২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। উপাধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৪। সংরক্ষণ নথি।